চাটমোহরে জীবনের ঝুঁকি নিয়ে বয়ষ্কভাতা উত্তোলণ!

জীবনের ঝুঁকি নিয়ে বয়ষ্কভাতা
উত্তোলণ

চাটমোহর প্রতিনিধি: চাটমোহর নতুন বাজার খেয়াঘাট এলাকায় অবস্থিত জনতা ব্যাংকে শত শত নারী পুরুষকে গত কয়েকদিন ধরে জীবনের ঝুঁকি নিয়ে বয়ষ্ক ভাতা’র টাকা উত্তোলন করতে দেখা গেছে।

ব্যাংকের সামনে দাড়ানোর মতো কোন জায়গা না থাকায় প্রায় শতবর্ষী মানুষগুলোকে ব্যাংকের ভেতর থেকে সামনের চাটমোহর-ভাঙ্গুড়া সড়কের উপর লাইন ধরে দাড়িয়ে রোদ বৃষ্টি যানবাহনের সাথে যুদ্ধ করে ভাতা’র টাকা উত্তোলন করতে দেখা গেছে।

রাস্তায় সব সময় চলছে বাস, ট্রাক, নসিমন, করিমন, রিক্সা, ভ্যানসহ বিভিন্ন ধরণের যানবাহন। ফলে প্রায়শই ঘটছে ছোট বড় দূর্ঘটনাও। ভীড় এড়াতে ব্যাংকের গেট বন্ধ রাখা হচ্ছে বেশীরভাগ সময়। গেটে দাড়ানো বৃদ্ধ বৃদ্ধাদের সাথে ব্যাংকের দারোয়ানরা অনেক সময় খারাপ আচরণ করছেন বলে জানা গেছে।